গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.২০/১

তারিখ: ২১ পৌষ ১৪২৯ / ০৫ জানুয়ারি ২০২৩

বিষয়: 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির ডিসেম্বর ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২৪.৪৫.০০১.২১.১০০, তারিখ: ২২-০২-২০২২

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির ডিসেম্বর ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৯০৬৫৮
e-mail: dsdev3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.২০/১

তারিখ: ২১ পৌষ ১৪২৯ / ০৫ জানুয়ারি ২০২৩

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫। যুগ্মসচিব (অপারেশন-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০৫/০১/২০২৩
মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব

# বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কার্যক্রম মনিটরিং কমিটি'-এর ডিসেম্বর ২০২২ মাসের সরেজমিন পরিদর্শন প্রতিবেদন

**বিষয়: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কার্যক্রম মনিটরিং' কমিটি'র ডিসেম্বর ২০২২ মাসের সরেজমিন পরিদর্শন প্রতিবেদন**

১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৫০০ তারিখ ০৪-১২-২০২২ এর মাধ্যমে মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিংয়ের জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০৩৪.৪০.০০১.১৯.৮৩৭ তারিখ: ২৯-১২-২০২২ এর আলোকে সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (এসজিএফএল) এর আওতাধীন সিলেট জেলায় অবস্থিত কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন এবং সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পসমূহ পরিদর্শন করা হয়।

- পরিদর্শনের তারিখ: ৩১ ডিসেম্বর ২০২২।
- পরিদর্শনকারী কর্মকর্তা:
  - ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি
    অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- আয়োজক: এসজিএফএল।
- পরিদর্শনকৃত এলাকা: সিলেট জেলা।

৩। **বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং কার্যক্রম:**

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (এসজিএফএল) | কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প | এসজিএফএল হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০ (±) ৫০ মিটার গভীরতায় গ্যাস কূপ হিসাবে একটি অনুসন্ধান কূপ (কৈলাশটিলা-৮) খনন করা এবং ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহ, খনন মালামাল ক্রয়। <br> প্রকল্পের অগ্রগতি: <br> • ভূমি অধিগ্রহণ: সিলেট ডিসি অফিস কর্তৃক ৮(৩) ধারা নোটিশ জারি করা হয়েছে। ডিসি অফিস কর্তৃক জমির মালিকানা হস্তান্তর করা হয়েছে। <br> • ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ: ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ সম্পাদনের নিমিত্ত আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র মূল্যায়ন করতঃ চুক্তি সম্পাদনে সিসিজিপি'র অনুমোদন গ্রহণপূর্বক নির্বাচিত সর্বনিম্ন দরপত্রদাতার সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যৌথ জরিপ সম্পন্ন করা হয়েছে। ০৪-০৮-২০২২ তারিখে প্যালিসেডিং এর মাধ্যমে ভূমি উন্নয়ন, এইচবিবি রোড ও বক্স কালভার্ট নির্মাণ, রিগ ফাউন্ডেশন, বাউন্ডারী নির্মাণসহ অন্যান্য পূর্ত নির্মাণ কাজ শুরু হয়েছে। <br> • ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে। <br> • বৈদেশিক পরামর্শক সেবা: মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। |

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | • ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে।<br>• বৈদেশিক পরামর্শক সেবা: মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>• মালামাল ক্রয়: দুই লট খনন মালামাল (ডাউন হোল কমপ্লিশন ইক্যুপমেন্ট এবং মাড ও কমপ্লিশন কেমিক্যাল) ক্রয়ের লক্ষ্যে আহবানকৃত দরপত্র মূল্যায়ন করতঃ সিসিজিপির অনুমোদন পাওয়া গেছে। খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। খনন মালামাল এবং সিমেন্ট ও রাসায়নিক সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠানের বিপরীতে এলসি খোলা হয়েছে।<br>• তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা: ৬ ক্যাটাগরির বিপরীতে প্রাপ্ত দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন সিসিজিপি কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে ওয়্যার লাইন লগিং অপারেশন এর জন্য China Petroleum Logging Co. Ltd, ডিএসটিউ সার্ভিসেস এর জন্য Almansoori Petroleum Services LLC এবং কোর এন্ড পিভিটি এনালাইসিস সার্ভিসেস এর জন্য PanTerra Geoconsultants B.V., Netherlands এর সাথে চুক্তি হয়েছে। সিমেন্ট, সিমেন্ট এডিটিভস এবং ইক্যুইপমেন্টসহ সিমেন্টিং সার্ভিসেস এর জন্য Halliburton International, GmbH, Switzerland, ডিরেকশনাল ড্রিলিং সার্ভিসেস, স্লিক লাইন অপারেশনের জন্য Almansoori Petroleum Services LLC এর সাথে চুক্তি হয়েছে। এলসি খোলার বিষয়টি প্রক্রিয়াধীন।<br>• রিগ ফাউন্ডেশন, বেড়াসহ সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ: রিগ ফাউন্ডেশন, বেড়াসহ সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ এর জন্য দরপত্র আহবানের বিপরীতে প্রাপ্ত দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন সিসিজিপি'র অনুমোদন প্রাপ্তির পর Jewel construction (Pvt) Ltd. - এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে।<br>• ড্রিলিং অপারেশন: খনন অপারেশনসহ মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট প্রদান বিষয়ে ১৪-১২-২০২১ তারিখে বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। ১২-০৯-২০২২ ও ১৩-০৯-২০২২ তারিখে এসজিএফএল ও বাপেক্স এর দ্বিপাক্ষিক সভায় চুক্তি মূল্য বিষয়ে ঐকমত্য হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে শীঘ্রই চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। ০১-১২-২০২২ তারিখে অনুষ্ঠিত পিপিসি সভার সিদ্ধান্তের আলোকে কূপের গভীরতা বৃদ্ধির বিষয়ে ক্রয় বিশেষজ্ঞের মতামত গ্রহণপূর্বক ১৮-১২-২০২২ তারিখে প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br>• গ্যাস গ্যাদারিং পাইপ লাইন: কূপ খনন শেষে গ্যাস প্রাপ্তি সাপেক্ষে ১.৩ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপন করা হবে। গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপন কাজের দরপত্র প্রণয়ন কাজ চলমান আছে। গ্যাস প্রাপ্তি সাপেক্ষে জুন ২০২৩ সালের মধ্যে গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপন করা হবে। |

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (এসজিএফএল) | সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প | এসজিএফএল হতে জানা যায়, প্রকল্পটির মূল কাজ হচ্ছে গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সিলেট স্ট্রাকচারে ৩৩০০ মিটার গভীরতায় গ্যাস কূপ হিসাবে একটি অনুসন্ধান কূপ (সিলেট-১০) খনন করা এবং ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহ, খনন মালামাল ক্রয়, বৈদেশিক পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ।<br><br>প্রকল্পের অগ্রগতি:<br>• ভূমি অধিগ্রহণ: প্রকল্পের ৮.৪৮১ একর জমি অধিগ্রহণ কাজ সম্পন্ন হয়েছে। ২২-০৯-২০২২ তারিখে সিলেট জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধিদল সরেজমিনে এসে এসজিএফএল এর অনুকূলে উক্ত জমির দখল হস্তান্তর করেছে।<br>• ইআইএ: পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে।<br>• বৈদেশিক পরামর্শক সেবা: মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>• খনন ঠিকাদার নিয়োগ: প্রকল্পের আওতায় টার্ণ-কি ভিত্তিতে কূপ খনন অপারেশন, মালামাল সরবরাহ, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা, ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কাজের জন্য নির্বাচিত দরপত্রদাতা প্রতিষ্ঠান Sinopec International Petroleum Service Corporation, No.9, Jishikou Road, Chaoyang District, Beijing City, China-এর সাথে ০৭-০৯-২০২২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২৯-০৯-২০২২ তারিখে চুক্তিবদ্ধ ঠিকাদার Sinopec, China-কে সাইট হস্তান্তর করা হয়। চুক্তিবদ্ধ ঠিকাদারের অনুকূলে ঋণপত্র (LC) খোলার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান ১৫-১০-২০২২ তারিখ থেকে কূপ লোকেশন ও সংযোগ সড়ক নির্মাণের ভূমি উন্নয়ন কাজ শুরু করেছে। ঠিকাদারের সাথে ১৭-১০-২০২২ তারিখে কিক-অফ মিটিং অনুষ্ঠিত হয়েছে। ভূমি উন্নয়নের কাজ ইতোমধ্যে ৩৫% সম্পন্ন হয়েছে। রিগ ফাউন্ডেশন ও ২টি কালভার্ট নির্মাণের ড্রয়িং ও ডিজাইন সম্পন্নের জন্য মাটির নমুনা সংগ্রহ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক ও পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন করে এপ্রিল ২০২৩ মাসে কূপ খননের স্পাড ইন শুরু করা সম্ভব হবে মর্মে ঠিকাদার অবহিত করেছে।<br>প্রকল্প বাস্তবায়ন সমস্যা:<br>জননিরাপত্তা বিভাগের পত্র নং-৪৪.০০.০০০০.০৭৫.২৭.০০৩.১৭.৪০৩, তারিখ: ২৮ ডিসেম্বর ২০২২ এর মাধ্যমে জানানো হয় পুলিশ অধিদপ্তরের সংযুক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, "গোয়াইনঘাট থানাধীন খাগরা ২য় খন্ড (হাওড়) এ সিলেট গ্যাস ফিল্ড লিঃ, সিলেট ১০নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত ৮ একর ভূমিতে মাটি ভরাটের কাজ চলছে। অধিগ্রহণকৃত ৮ একর ভূমির মধ্যে জৈন্তাপুর থানাধীন হেমু মৌজার ভাটপাড়া, মাঝপাড়া ও দত্তপাড়া এলাকার কিছু লোকের মালিকানাধীন জমি অধিগ্রহনের আওতায় থাকায় উক্ত তিন মৌজার লোকজন ৫ দফা দাবী উল্লেখ করে গত ০৩/১১/২০২২খ্রিঃ ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ড লিঃ, হরিপুর, জৈন্তাপুর সিলেট বরাবর স্মারকলিপি প্রদান করেন।<br>স্মারকলিপি প্রদানের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ড লিঃ, |

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | হরিপুর জৈন্তাপুর, সিলেট এর নিকট হতে ৫ দফা দাবী আদায়ের আশানুরূপ কোন আশ্বাস না পেয়ে ৩০/১১/২০২২ খ্রিঃ সকাল অনুমান ১১.৩০ ঘটিকায় অনুমান ১০০/১১০ জন লোক সিলেট গ্যাস ফিল্ড লিঃ, সিলেট ১০নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের সামনে তামাবিল টু সিলেটগামী মহাসড়কের উপর মানববন্ধন করে এবং দাবী আদায় না হওয়া পর্যন্ত প্রকল্পের কাজ বন্ধ রাখার দাবি জানায়। সংবাদ পেয়ে গোয়াইনঘাট থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। পরবর্তীতে সংবাদ পেয়ে জৈন্তাপুর উপজেলার উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব বশির উদ্দিন এবং ৫নং ফতেপুর ইউনিয়নের চেয়ারম্যান জনাব রফিকুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত হয়ে দাবী আদায়ের পক্ষের লোকজন এবং গ্যাস ফিল্ডের ব্যবস্থাপনা পরিচালকের সাথে ৫ দফা দাবী সংক্রান্তে ০৪/১২/২০২২খ্রিঃ বিকাল ১৫.০০ ঘটিকায় জৈন্তাপুর উপজেলা পরিষদে বসে আলোচনার মাধ্যমে বিষয়টি নিরসন করবে মর্মে আশ্বস্থ করে। সিলেট ১০নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে গোয়েন্দা নজরদারি অব্যাহত আছে।"<br><br>উল্লেখ্য, প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিরাপত্তা প্রদানের জন্য পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। |

৪। **কূপ খনন কার্যক্রমের স্থিরচিত্র:** সংযুক্ত

৫। **কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন ও সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পসমূহের কাজ সরেজমিনে পরিদর্শনের পর পর্যবেক্ষন/সুপারিশ নিম্নরূপ:**

ক) কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের মালামাল ক্রয় কাজ, ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও ও পূর্ত নির্মাণ এবং সংযোগ রাস্তা নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে কূপটিতে ফেব্রুয়ারী ২০২৩ এর মধ্যে খনন কাজ শুরু করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

খ) কৈলাশটিলা-৮ নং (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহণ কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

গ ) সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক ও পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন করে দ্রুত কূপ খনন কাজ (Spud-in ) শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

ঘ) সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করতে হবে;

ঙ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অপ্রত্যাশিত কোনো সমস্যার সম্মুখিন হলে তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন এবং কূপ খনন মনিটরিং কমিটিকে অবহিত করতে হবে;

ট) সিলেট-১০ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট ও জেলা প্রশাসক, সিলেট এবং পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ জানানো যেতে পারে।

05.01.2026
মাসুদ জামান
উপ-মহাব্যবস্থাপক
প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব
সংশ্লিষ্ট কমিটি।

05/01/2026
মোছা: মোর্শেদা ফেরদৌস
উপ-সচিব (উন্নয়ন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

০৫.০১.2026
মোহা: নায়েব আলী
যুগ্মসচিব (অপারেশন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

৫/০১/২০২৬
ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি।



